**বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি**
**কোটবাড়ী, কুমিল্লা**

অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) অবহিতকরণ বিষয়ক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| আহবায়ক: | স্থান: শ্রেণিকক্ষ-১ |
| জনাব বেনজির আহমেদ | তারিখ: ২৬/০৯/২০২২ খ্রি. |
| যুগ্ম পরিচালক (সাঃ প্রঃ) | সময়: বিকাল ০৩.৩০ ঘটিকা |

উপস্থিতি: সংযুক্ত

আহবায়ক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) অবহিতকরণ বিষয়ক উক্ত সভায় বার্ডে চলমান বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী এবং প্রকল্পের সুফলভোগীগণ অংশগ্রহণ করেন। জনাব বেনজির আহমেদ, যুগ্ম পরিচালক (সাঃ প্রঃ) ও অনিক (জিআরএস) সুফলভোগীদেরকে সিস্টেমটির প্রয়োজনীয়তা এবং অভিযোগ দাখিল প্রক্রিয়া নিয়ে আলোচনা করেন। তিনি উল্লেখ করেন সরকারী অফিসসমূহে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য সরকার অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সিস্টেম চালু করেছে যার মাধ্যমে সরকারী সেবা প্রাপ্তির ক্ষেত্রে যে কোন প্রতিকুলতার সম্মুখীন হলে সে বিষয়ে অভিযোগ জানানোর ব্যবস্থা রয়েছে। এরপর সভায় উপস্থিত সদস্যগণ নিম্নলিখিত মন্তব্য প্রদান করেন।

১। জনাব মোহাম্মদ সেলিম, প্রকল্পের সুফলভোগী মত প্রকাশ করেন যে অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস) সিস্টেমটি সরকারের একটি যুগোপযোগী সিদ্ধান্ত এবং সিস্টেমটি সম্পর্কে অবহিত করায় তিনি বার্ড কর্তৃপক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

২। জনাব আইরীন পারভিন, পরিচালক (ভারপ্রাপ্ত), বার্ড উল্লেখ করেন যে মাইগভ সিস্টেমের সাথে জিআরএস সিস্টেমটির সমন্বয় ও লিংক রয়েছে এবং ই-নথি আইডি ব্যবহার করেও সিস্টেমে লগইন করা যাবে।

৩। ডা. মহিউদ্দিন আহমদ মজুমদার, ১৫১তম কোর্সের প্রশিক্ষণার্থী অভিযোগ নিষ্পত্তি সন্তোষজনক না হলে পর্ববর্তী করনীয় বিষয়ে জনতে চান এবং অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বিষয়টি অবহিত করেন।

সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বার্ডের মহাপরিচালক ও সরকারের অতিরিক্ত সচিব জনাব মোঃ শাহজাহান। তিনি বলেন অভিযোগ প্রতিকার ব্যবস্থা বহুকাল ধরে সমাজে প্রচলিত আছে কিন্তু এর ডিজিটাল সংস্করণ বাংলাদেশে এই প্রথম। এইজন্য তিনি বর্তমান সরকারের গৃহীত এই পদক্ষেপকে সাধুবাদ জানান এবং এই ব্যাপক প্রসার কামনা করেন।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় আহবায়ক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/৯/২২
(মোঃ আশিক সরকার লিফাত)
সহকারী পরিচালক (উঃ যোঃ)
ও
দপ্তর এডমিন (জিআরএস)

২৬/৯/২২
(বেনজির আহমেদ)
যুগ্ম পরিচালক (সাঃ প্রঃ)
ও
অনিক (জিআরএস)

বিতরণ:-
১। উপস্থিত সকল সদস্য।
২। পরিচালক (প্রশাসন), বার্ড।
৩। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী- মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। অফিস কপি।